

আগরতলা চেকপোস্ট প্রাঙ্গণে বি এস এফ-এর
আবাসন তৈরির শিলান্যাস করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে আগরতলা চেকপোস্ট প্রাঙ্গণে সীমান্ত সুরক্ষা বাহিনীর আবাসন তৈরির শিলান্যাস করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং। একই সঙ্গে তিনি আজ বিভিন্ন কেন্দ্রীয় সুরক্ষা বাহিনীর ৯টি অর্গানাইজেশনের ৩১টি বিভিন্ন আবাসন প্রকল্পেরও দ্বারোদঘাটন এবং শিলান্যাস করেন। আগরতলা আখাউড়া চেকপোস্টে আয়োজিত অনুষ্ঠানে ফলক উন্মোচন করেন কৃষি ও কৃষক কল্যাণ এবং পর্যটন দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক কৃষ্ণধন দাস, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক এ কে শুক্লা, বি এস এফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি সলোমন ইরস কুমার মিনজ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এসিস্টেন্ট হাইকমিশনার কিরিটি চাকমা সহ অন্যান্যরা। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, দেশের সুরক্ষার জন্য জওয়ানগণ আত্মবলিদান করছেন। তিনি জওয়ানদের পরিবারের থাকার জন্য, সুরক্ষার জন্য ভারত সরকারের গৃহমন্ত্রকের এরকম আবাসন তৈরির উদ্যোগকে স্বাগত জানান। তিনি সরকারের এই ধরনের উদ্যোগ ভারতীয় সুরক্ষা বাহিনীর মনোবল বাড়াবে বলে অভিমত প্রকাশ করেন। তিনি বলেন, ভারত ও বাংলাদেশের মধ্যে আন্তর্জাতিক বাণিজ্য, পর্যটন ও সাংস্কৃতিক আদান প্রদান ইত্যাদি বেড়ে চলছে। দুই দেশের পর্যটকদের সুবিধার জন্য বাংলাদেশের কুমিল্লা ও ব্রাহ্মনবাড়ীয়াতে দুইটি ভিসা অফিস খোলা হয়েছে। তিনি বলেন, অন্যান্য সময়ের তুলনায় গত একবছরে বাংলাদেশ থেকে প্রায় দ্বিগুণ পর্যটক ত্রিপুরাতে এসেছেন। আর এই পর্যটনের বিষয়কে মাথায় রেখে রাজ্যের নতুন সরকার আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্টকে আরো আধুনিক করে গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। এছাড়া, পর্যটকদের সুবিধার জন্য এখানে রাজ্য সরকারের উদ্যোগে ৯ কোটি ২৪ লক্ষ টাকার একটি কর্মসূচি রূপায়নের কাজও এগিয়ে চলছে। ইতিমধ্যে ক্যাফেটেরিয়া, কনফারেন্স ব্লক, মুক্তমঞ্চ, টয়লেট ব্লক, আর সি সি রিটেনিং ওয়াল এবং সাইট ডেভেলপমেন্টের কাজ দ্রুততার সাথে করা হবে বলে তিনি জানান।

অনুষ্ঠানে ইক্রন ইনফ্রাস্ট্রাকচার সার্ভিস লিমিটেডের পক্ষে রমন সিংলা বলেন, আবাসন প্রকল্পটি নির্মাণে মোট ব্যয় হবে ২৩.৬২ কোটি টাকা। এখানে মোট ২৩৪ জন জওয়ানের থাকার বন্দোবস্ত করা যাবে। এই প্রকল্পের কাজ আগামী ১৬ মাসের মধ্যে সম্পন্ন করা হবে বলে তিনি জানান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন আগরতলা আখাউড়া চেকপোস্টের পোস্ট ম্যানেজার দেবাশিস নন্দী। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক কৃষ্ণধন দাস, ত্রিপুরা পুলিশের ডি জি এ কে শুক্লা, বি এস এফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি এবং বাংলাদেশের আগরতলাস্থিত এসিস্টেন্ট হাই কমিশনার কিরিটি চাকমা প্রমুখ।